

মেমো নং-৬৭৪/বি. স্টা./বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা-২০১৭-১৮/৩৪

তারিখঃ ২১/০১/২০১৮

### কোটার নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ (ইউনিট-D) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মুক্তিযোদ্ধা (FFQ), আদিবাসী (SEQ) কোটার সাক্ষাৎকার শেষে বিভাগ অনুযায়ী চূড়ান্তভাবে তালিকা প্রকাশ করা হলো ও শারীরিক প্রতিবন্ধী (PDQ) কোটায় একজন ছাত্রের ভর্তির সুযোগ হওয়ায় তা প্রকাশ করা হলো। নির্বাচিত প্রার্থীকে আগামী ২৫/০১/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ক্লাশ শুরু : ২১ জানুয়ারী ২০১৮

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নোলিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী অনলাইনে পাওয়া যাবে।

২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ **A4** সাইজ খামে (খামের উপরে নাম, রোল নং, মোবাইল নং, জমাকৃত ডকুমেন্ট সমূহের নাম লিখে) ডীন অফিসে জমা দিতে হবে।

ক) এস.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট

খ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড

গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)

উল্লেখ্য, এস.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট, এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট (যদি থাকে), মূল মার্কসশীট ও রেজিস্ট্রেশন কার্ড ১ বছর জমা রাখা হবে। ডকুমেন্টসমূহ জমা দেয়ার পূর্বে নিজের ভবিষ্যৎ প্রয়োজনে একাধিক ফটোকপি সত্যায়িত করে রাখতে হবে।

৩. অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় অনুষদ উন্নয়ন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে জমাকৃত রশিদটি ভর্তির সময় অনুষদ অফিসে জমা দিতে হবে।

হিসাবের নাম : অনুষদ উন্নয়ন তহবিল, হিসাব নম্বর - ০২০০০০২৫৯৮৪০৭

শর্তাবলীঃ

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

খ) প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা অনুষদের থাকবে।

(প্রফেসর ড. মোঃ শিবলী সাদিক)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট- D

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।